গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা
www.dss.gov.bd

"উন্নয়ন ও সমৃদ্ধির অগ্রযাত্রায়
দেশ গড়বো সমাজসেবায়"

বিষয় : **২০২২-২০২৩ অর্থবছরে সমাজসেবা অধিদপ্তরের নৈতিকতা কমিটির ৩য় সভার কার্যবিবরণী।**

সভাপতি : ড. আবু সালেহ্ মোস্তফা কামাল, মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর।

সভার স্থান : মেঘনা সভাকক্ষ (২য় তলা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

তারিখ ও সময় : ৬ মার্চ ২০২৩, বেলা ৩.০০ ঘটিকা

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা (পরিশিষ্ট 'ক')

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন এবং উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের বিষয়ে সকলকে তৎপর হওয়ার জন্য অনুরোধ জানিয়ে কার্যপত্রের আলোকে ধারাবাহিকভাবে আলোচ্য বিষয়াদি উপস্থাপনের জন্য সাচিবিক দায়িত্ব পালনকারী শাখা গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ এর উপপরিচালককে আহবান জানান।

**আলোচ্যসূচি ১: সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন।**

**আলোচনা:** উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ) সভায় অবহিত করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কর্মপরিকল্পনা অনুযায়ী তৃতীয় ও চতুর্থ কোয়ার্টারে একটি সভা করে মোট দুইটি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। ইতোমধ্যে অংশীজনের (stakeholders) অংশগ্রহণে তৃতীয় কোয়ার্টারে লক্ষ্যমাত্রা অনুযায়ী একটি সভা সম্পন্ন হয়েছে। উপজেলা সমাজসেবা কার্যালয়, কেরানীগঞ্জ এর নিবন্ধিত বেসরকারি এতিমখানাসমূহের ক্যাপিটেশন গ্র্যান্ট-বিষয়ে অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে আয়োজিত সভায় সমাজসেবা অধিদপ্তরের শিশু পরিবারের শিশুদের ন্যায় এতিমখানার শিশুদের মাসিক ব্যয় ২০০০ (দুই হাজার) টাকার পরিবর্তে ৪০০০ (চার হাজার) টাকায় ক্যাপিটেশন গ্র্যান্ট উন্নীতকরণের মতামত ব্যক্ত করা হয়। অতিরিক্ত পরিচালক (প্রতিষ্ঠান) সভাকে অবগত করেন যে, ইতোমধ্যে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে ৩০০০ (তিন হাজার) টাকার প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

**সিদ্ধান্ত:** সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে নির্ধারিত সময়ের মধ্যে সভা আয়োজন করতে হবে।

**বাস্তবায়ন:** পরিচালক (প্রশাসন ও অর্থ)।

**আলোচ্যসূচি ২: শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন।**

**আলোচনা:** সভায় আলোচনা হয় যে, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী তৃতীয় কোয়ার্টারে (জানুয়ারি-মার্চ/২৩) ৮টি প্রশিক্ষণসহ মোট ১৫টি প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ) সভাকে অবহিত করেন যে, এপিএ সমন্বয়কারী জনাব মোহাম্মদ আছাদুজ্জামান, প্রশিক্ষণ কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নিয়েছেন। সভাকে অবগত করা হয় যে, স্বল্প পরিসরে প্রশিক্ষণে ইশারা ভাষা প্রশিক্ষণেরও বিশেষ প্রয়োজনীয়তা আছে। এছাড়া মহাপরিচালক ও পরিচালকগণের নেইমপ্লেট ও ভিজিটিং কার্ড ব্রেইলে তৈরির বিষয়ে আলোচনা হয়।

**সিদ্ধান্ত:** তৃতীয় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ/২৩) এ ৮টি শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন নিশ্চিত করতে হবে। ইশারা ভাষা প্রশিক্ষণেরও আয়োজন করতে হবে। মহাপরিচালক ও পরিচালকগণের নেইমপ্লেট ও ভিজিটিং কার্ড ব্রেইলে তৈরি করতে হবে।

**বাস্তবায়ন:** উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ) ।

**আলোচ্যসূচি ৩: কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি)**

**আলোচনা:** সভাকে অবহিত করা হয় যে, কর্ম-পরিবেশ উন্নয়নে ২টি কার্যক্রম যথাক্রমে তৃতীয় ও চতুর্থ কোয়ার্টারে বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। তৃতীয় কোয়ার্টারে সদর কার্যালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারীদের এনআইডি বারকোড রিডার সম্বলিত মেশিন ক্রয়ের আলোচনা হয়। ইতোমধ্যে সদর কার্যালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারীদের তথ্য সংগ্রহপূর্বক উপপরিচালক (প্রশাসন ও অর্থ) কে আইডি কার্ড প্রস্তুতের জন্য ইউ.ও নোট প্রেরণ করা হয়েছে।

**কর্ম-পরিবেশ উন্নয়নে ২য় কার্যক্রম** প্রতি রবিবারে কর্মচারীদের সাথে কর্মকর্তা নিজের কক্ষ নিজে পরিস্কার করাসহ অধীনস্ত কর্মচারীদের কক্ষ পরিস্কার নিশ্চিকরণ- **অর্জনের জন্য ভবনের প্রতিটি ফ্লোরের সবচেয়ে জ্যৈষ্ঠ কর্মকর্তা তাঁর ফ্লোরের আশেপাশের কক্ষসহ পুরো ফ্লোরের** পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করবেন। এক্ষেত্রে সহযোগিতায় থাকবেন ঐ ফ্লোরের সর্বকনিষ্ঠ কর্মকর্তা। নির্ধারিত লক্ষ্যমাত্রা ছাড়াও **নথি বিনষ্টকরণের বিষয়েও গুরুত্বারোপ করা হয়েছে। মাসিক সমন্বয় সভায়** নথি বিনষ্টকরণের বিষয়টি অন্তর্ভূক্তির জন্য সভায় অভিমত ব্যক্ত করা হয়।

**সিদ্ধান্ত:** লক্ষ্যমাত্রা অনুযায়ী তৃতীয় কোয়ার্টারে সদর কার্যালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারীদের বারকোডসহ মেশিন ক্রয়পূর্বক কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

**বাস্তবায়ন:** পরিচালক (প্রশাসন ও অর্থ)।

**আলোচ্যসূচি ৪: আওতাধীন আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক সভা/কর্মশালা আয়োজন।**

**আলোচনা:** সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ইতোমধ্যে তৃতীয় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী ফিডব্যাক সভা অনলাইনে সম্পন্ন হয়েছে।

সিদ্ধান্ত: জুন/২৩ এর মধ্যে নির্ধারিত সভা/কর্মশালা আয়োজন করতে হবে।

**বাস্তবায়ন:** উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ)।

**আলোচ্যসূচি ৫: ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ**

**আলোচনা:** উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ) সভাকে অবহিত করেন যে, উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ৩৭টি প্রকল্পের মধ্যে ২২টি প্রকল্পের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন **ও মূল্যায়ন** নির্দেশিকা, **২০২২-২৩ অনুযায়ী** অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত সম্পূর্ণ ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনা আছে।

**সিদ্ধান্ত:** অবশিষ্ট ১৫টি প্রকল্পের নামসহ তালিকা ৩ কার্যদিবসের মধ্যে গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখায় প্রেরণ করতে হবে। আগামী ৩০ মার্চ/২০২৩ এর মধ্যে ১৫টি প্রকল্পের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

**আলোচ্যসূচি ৬: অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের)**

**আলোচনা:** শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন **ও মূল্যায়ন** নির্দেশিকা, **২০২২-২৩ অনুযায়ী তৃতীয় কোয়ার্টারে** রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনা বাস্তবায়নের জন্য লক্ষ্যমাত্রা রয়েছে ৬০%।

**সিদ্ধান্ত:** লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। প্রমাণক হিসেবে বার্ষিক ক্রয়-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন যা নৈতিকতা কমিটির সভাপতি কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

**বাস্তবায়ন:** অতিরিক্ত পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন শাখা), উপপরিচালক (প্রশাসন ও অর্থ)।

**আলোচ্যসূচি ৬: বাজেট বাস্তবায়ন।**

**আলোচনা:** রাজস্ব এবং উন্নয়ন বাজেটের জিওবি অংশের ব্যয় পরিকল্পনার তৃতীয় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা আছে ৬০%। সভায় আরও আলোচিত হয় যে, কোয়ার্টার ভিত্তিক লক্ষ্যমাত্রা অর্জনের প্রমানস্বরূপ iBAS++ প্রতিবেদন উপস্থাপন করা আবশ্যক।

**সিদ্ধান্ত:** লক্ষ্যমাত্রা অনুযায়ী বাজেট বাস্তবায়নসহ iBAS++ প্রতিবেদন প্রমাণক হিসেবে দাখিল করতে হবে।

**বাস্তবায়ন:** অতিরিক্ত পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন শাখা), উপপরিচালক (প্রশাসন ও অর্থ)।

**আলোচ্যসূচি ৭: প্রকল্পের PIC সভা আয়োজন।**

**আলোচনা:** উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ) সভাকে অবহিত করেন যে, শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩ এ আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন সংক্রান্ত কার্যক্ষেত্রে কর্মসম্পাদন সূচক ২.৪ এ প্রকল্পের PIC সভা আয়োজনে তৃতীয় কোয়ার্টার এ ৭৬টি (ক্রমপুঞ্জিতভাবে) PIC সভা নির্ধারণ করা হয়েছে। আরও আলোচনা হয় যে, প্রযোজ্য কোয়ার্টারে উক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়নে কর্মপরিকল্পনা প্রেরণের সময় চলমান সকল প্রকল্পের তালিকা মেয়াদ, প্রমাণক অনুযায়ী PIC সভা আয়োজনের সংখ্যা (পৃথক কলামে) উল্লেখপূর্বক সংযুক্তি আকারে (কপি সংযুক্ত) সভার হাজিরা এবং কার্যবিবরণী প্রদান আবশ্যক।

**সিদ্ধান্ত:** তৃতীয় কোয়ার্টারে ৭৬টি (ক্রমপুঞ্জিতভাবে) PIC সভা অনুষ্ঠান করতে হবে।

**বাস্তবায়ন:** অতিরিক্ত পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)।

**আলোচ্যসূচি ৮: প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা**

**আলোচনা: সভায় আলোচনা হয় যে,** ২০২১-২২ অর্থবছরে সমাপ্ত হয়েছে এবং ২০২২-২৩ অর্থবছরের প্রথম এবং দ্বিতীয় কোয়ার্টারে সমাপ্ত হবে এমন সকল প্রকল্পের সম্পদের বিবরণ সংযুক্তি আকারে দাখিল করার বিষয়ে গুরুত্বারোপ করা হয় (কপি সংযুক্ত)।

**সিদ্ধান্ত:** নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করতে হবে। প্রকল্পের সম্পদ হস্তান্তর সংক্রান্ত পত্র, সচল যানবাহন পরিবহন পুলে জমা প্রদান সংক্রান্ত পত্র, প্রযোজ্য ক্ষেত্রে গঠিত কমিটির সভার কার্যবিবরণী, অচল যানবাহন নিলামে বিক্রয় সংক্রান্ত সভার কার্যবিবরণী ইত্যাদি। প্রমাণক হিসেবে উক্ত সভার হাজিরা এবং কার্যবিবরণী আবশ্যক।

**বাস্তবায়ন:** অতিরিক্ত পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)।

**আলোচ্যসূচি ৯: পাঁচটি প্রকল্পের কাজে স্বচ্ছতা আনয়ন।**

**আলোচনা:** সভাপতি জানান যে, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এ ৩ নং ক্রমের ৩.২ এ বর্ণিত প্রকল্পের কাজ পরিদর্শন, বাস্তবায়ন প্রতিবেদন কর্মসম্পাদন সূচক বাস্তবায়ন তৃতীয় কোয়ার্টারে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৬০%। পরিকল্পনা ও উন্নয়ন শাখা কর্তৃক প্রদেয় কর্মপন্থা অনুযায়ী দুর্নীতি প্রতিরোধে নির্ধারিত পাঁচটি প্রকল্পের (কপি সংযুক্ত) স্বচ্ছতা আনয়নে দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দকে প্রকল্প পরিদর্শন, বাস্তবায়ন প্রতিবেদন তৎপরতার সাথে সম্পাদন করতে হবে।

**সিদ্ধান্ত**: তৃতীয় কোয়ার্টারে ৬০% লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।

**বাস্তবায়ন:** অতিরিক্ত পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)।

**আলোচ্যসূচি ১০: ঢাকা জেলায় ইএফটি এর মাধ্যমে ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়া চিকিৎসা অনুদান প্রদান**

**আলোচনা:** ঢাকা জেলায় ইএফটি এর মাধ্যমে চিকিৎসা অনুদান প্রদান বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। উপপরিচালক (চিকিৎসা সহায়তা কার্যক্রম) জানান যে, ঢাকা জেলায় ইএফটি এর মাধ্যমে ৫০% চিকিৎসা অনুদান প্রদান করা হচ্ছে।

**সিদ্ধান্ত**: তৃতীয় কোয়ার্টার এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ইএফটি এর মাধ্যমে ৫০% চিকিৎসা অনুদানের অর্থ প্রদান করতে হবে।

**বাস্তবায়ন:** পরিচালক (সামাজিক নিরাপত্তা)।

**আলোচ্যসূচি ১২: ঢাকা জেলার কেরানীগঞ্জ উপজেলাতে পাইলটিং আকারে সকল ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্ত নিবন্ধিত বেসরকারি এতিমখানায় নিবাসিদের ডাটাবেইজ প্রস্তুতকরণ**

**আলোচনা:** সভাপতি জানান যে, ঢাকা জেলার কেরানীগঞ্জ উপজেলাতে পাইলটিং আকারে সকল ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্ত নিবন্ধিত বেসরকারি এতিমখানায় নিবাসিদের ডাটাবেইজ প্রস্তুতকরণপূর্বক পর্যায়ক্রমে সকল নিবন্ধিত বেসরকারি এতিমখানায় নিবাসিদের ডাটাবেইজ প্রস্তুতকরণ লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করতে হবে।

**সিদ্ধান্ত**: ডাটাবেইজ প্রস্তুতকরণ কার্যক্রমে তৃতীয় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা ৬০% অর্জন করতে হবে।

**বাস্তবায়ন:** অতিরিক্ত পরিচালক (প্রতিষ্ঠান)।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ড.আবু সালেহ্ মোস্তফা কামাল
মহাপরিচালক
ফোন: +৮৮০২-৫৫০০৭০২৪
ই-মেইল: dg@dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০২০.২৩.০০৩.২২.২৭২ তারিখ: ১৬ মার্চ ২০২৩

০১। পরিচালক (প্রশাসন ও অর্থ/কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০২। উপপরিচালক (প্রশাসন ও অর্থ/ গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে:

০১। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

রকিব আহমেদ
উপপরিচালক
গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা
ফোন: ৪৮১১৮৫৬৫
ই-মেইল: dd.pub@dss.gov.bd